

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১২২.২০১৭- ১১৬৫


তারিখ : ২৫/০১/১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-৩১২৫/২০১৭, বাদী জনাব দেওয়ান আতিকুর রহমান আর্খি, পিতা-মৃত- দেওয়ান মশিউর রহমান, গ্রাম- শংকরদাহ, ১২ হরিপুর ইউনিয়ন পরিষদ, থানা- নাসির নগর, জেলা- ব্রাহ্মণবাড়িয়া-বনাম- সরকার ও অন্যান্য।

ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলার হরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান দেওয়ান আতিকুর রহমান আর্খি এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত এ বিভাগের ১৫/০১/২০১৭ তারিখের ৩৮নং স্মারককে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট পিটিশন নং-৩১২৫/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত ০৬ (ছয়) মাসের জন্য উক্ত স্মারকের কার্যক্রম স্থগিত করতঃ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (ইপ-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।